
# ট্রেডারের ক্যাবিনেট: কার্যকারিতার বিশদ বিবরণ



1. ট্রেডারের ক্যাবিনেটের হোম পৃষ্ঠা
2. অ্যাকাউন্ট সেটিংস
   2.1 সাধারণ সেটিংস
   2.2 SMS কোডের মাধ্যমে অ্যাকাউন্টের সুরক্ষা
   2.3 ডকুমেন্ট আপলোড করা
3. অর্থনৈতিক কার্যকলাপ
   3.1 অর্থ জমা করা
   3.2 অর্থ জমা করার ইতিহাস
   3.3 লেনদেন ব্যর্থতার নোটিফিকেশন
   3.4 অর্থ তুলে নেওয়া
   3.5 অর্থ তুলে নেওয়ার ইতিহাস
4. অ্যাকাউন্ট
   4.1 আপনার ব্যক্তিগত অ্যাকাউন্ট
   4.2 আপনার ট্রেডিং অ্যাকাউন্ট
   4.3 একটি অতিরিক্ত ট্রেডিং অ্যাকাউন্ট খুলুন
   4.4 অ্যাকাউন্টগুলি একসাথে সমন্বয় করা
5. নর্ড এফ এক্স সেভিংস অ্যাকাউন্ট
6. বিনিয়োগের পণ্যগুলি
   6.1 আমার বিনিয়োগের পণ্যগুলি
   6.2 বিনিয়োগের ফান্ড
   6.3 PAMM অ্যাকাউন্ট
   6.4 কপি ট্রেডিং
   6.5 নর্ড এফ এক্স সেভিংস অ্যাকাউন্ট
7. অ্যাফিলিয়েট প্রোগ্রাম
8. রেফারেন্স
9. Meta Trader 4-এর ডকুমেন্টেশন
10. সহায়তা

# 1. ট্রেডারের ক্যাবিনেটের হোম পৃষ্ঠা


নিম্নের স্ক্রীনশটটি নর্ড এফ এক্স ওয়েবসাইটে আপনার ট্রেডারের ক্যাবিনেট প্রদর্শন করছে। আসুন হোম পৃষ্ঠা থেকে সকল প্রধান নেভিগেশনের দিকনির্দেশগুলি দেখে নেওয়া যাক। এবং তারপরে আমরা আলাদাভাবে প্রতিটি বিভাগ বিশদে আলোচনা করবো।




1. আপনার ট্রেডারের ক্যাবিনেটের বিভাগগুলি অ্যাক্সেস করার জন্য নেভিগেশন প্যানেল।





2. PC (উইন্ডোজ), অথবা IOS বা অ্যান্ড্রয়েড সিস্টেমের স্মার্ট ডিভাইসে MT4 ট্রেডিং টার্মিনাল–এর কুইক ডাউনলোড





3. কোম্পানিতে আপনার ব্যক্তিগত অ্যাকাউন্ট/আকাউন্টগুলি সম্মন্ধীয় তথ্য, আপনার বর্তমান অ্যাকাউন্টে দ্রুত টপ আপ করার সুবিধা যুক্ত ব্যলেন্স, অথবা একটি ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ স্থানান্তর।
4. সহায়তার সাথে যোগাযোগ

5. এই বিভাগে আপনার ক্যাবিনেটে দেখানো প্রধান কার্যকলাপ সম্পর্কে নোটিফিকেশন।
6. ট্রেডারের ক্যাবিনেটের সেটিংস
7. আপনার অ্যাকাউন্ট অথবা ট্রেডিং অ্যাকাউন্ট থেকে দ্রুত অর্থ জমা করার অথবা তুলে নেওয়ার ক্ষমতা।





8. চ্যাটের মাধ্যমে সহায়তার সাথে যোগাযোগ, সাধারনত, 4 নম্বর পয়েন্টের।
9. অ্যাকাউন্ট যাচাইকরণের জন্য দ্রুত ডকুমেন্ট আপলোড করার ক্ষমতা।
10. আপনার ট্রেডিং অ্যাকাউন্ট সম্পর্কে তথ্য: অ্যাকাউন্টের মুদ্রা, লেভারেজ, আপনার ট্রেডিং অ্যাকাউন্ট থেকে দ্রুত অর্থ জমা অথবা তুলে নেওয়ার লিঙ্কগুলি, সেইসাথে দ্রুত এক বা একাধিক ট্রেডিং অ্যাকাউন্ট খোলার ক্ষমতা।

# 2. অ্যাকাউন্ট সেটিংস





## 2.1 সেটিংস





আপনি সেটিংস বিভাগে যা যা করতে পারবেন:

1. কোথায় ফান্ড জমা করতে হবে বাছুন: হয় অ্যাকাউন্ট ব্যালেন্সে, অথবা সরাসরি ট্রেডিং অ্যাকাউন্টে।
2. ইন্টারফেসের ভাষা নির্বাচন করুন




3. আপনাকে ইমেইলের মাধ্যমে পেমেন্টের নোটিফিকেশন পাঠাবে, না পাঠাবে না সেটির সম্মতির বিকল্প নির্বাচন করুন।
4. IP ঠিকানা নির্দেশ করুন যার আপনার অ্যাকাউন্টের সাথে অ্যাক্সেস থাকবে।
5. আপনার ট্রেডিং অ্যাকাউন্টের সারসংক্ষেপ।

## 2.2 SMS কোডের মাধ্যমে অ্যাকাউন্টের সুরক্ষা




এই বিকল্প আপনাকে আপনার ফান্ড সুরক্ষিত রাখাতে সক্ষম করে। যদি এটি সক্রিয় থাকে, যেকোনো অর্থ তুলে নেওয়ার প্রক্রিয়া অবশ্যই একটি বিশেষ কোডের মাধমে নিশ্চিত করা হবে যা SMS-এর মাধ্যমে আসে। এই বিকল্প ডিফল্টরূপে সক্রিয় থাকে না।

এই বিকল্প সক্রিয় করার জন্য, ফর্মটি আপনার ফোন নম্বরের সাথে পূরণ করুন। সেইসাথে, যদি প্রয়োজন হয়, অতিরিক্ত বিকল্পগুলি দেখুন:

1. অর্থ তুলে নেওয়ার সময় SMS-এর মাধ্যমে অতিরিক্ত বিষয়গুলি সক্রিয় করুন।
2. টেক্সট সেন্ডারID-এর পরিবর্তে ফোন নম্বর নির্দেশ করুন

আপনি যে একজন রোবট নন সেইজন্য ক্যাপচা–র মাধ্যমে বক্সটি টিক করুন এবং এগিয়ে যান বোতামে ক্লিক করুন

আপনাকে একটি পৃষ্ঠাতে পাঠানো হবে যেখানে আপনাকে আপনার ফোন নম্বর একটি কোডের মাধ্যমে নিশ্চিত করতে হবে যা SMS ম্যাসেজ রূপে আপনাকে পাঠানো হবে।




## 2.3 অ্যাকাউন্ট যাচাইকরণের জন্য ডকুমেন্ট আপলোড

ক্লায়েন্ট চিহ্নিতকরণের জন্য ব্রোকারের সাথে যাচাইকরণ আবশ্যিক।এটির মধ্যে রয়েছে চিহ্নিতকরণের ডকুমেন্টগুলি, সেইসাথে ব্যাঙ্কের কার্ডগুলি আপলোড করা। ব্রোকারকে অবশ্যই নিশ্চিত করার প্রয়োজন রয়েছে যে ক্লায়েন্ট হল সেই যাকে তারা অ্যাকাউন্ট থেকে জালিয়াতি অথবা চুরি হওয়া প্রতিরোধ করার জন্য দাবি করে থাকে।

রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পূর্ণ করার জন্য, ট্রেডারকে চিহ্নিতকরণের ডকুমেন্টগুলির স্ক্যান করা কপি আপলোড করে নিজেদের চিহ্নিত করাতে হবে।

চিত্রগুলিকে নিম্নলিখিত ফোরম্যাটে গ্রহণের অনুমতি দেওয়া হয়: jpeg, gif, png, pdf।অন্যান্য ফরম্যাটগুলিকে নিরাপত্তা পরিষেবা দ্বারা প্রত্যাখানের মাধ্যমে বাতিল করে দেওয়া হবে।

ফান্ড তুলে নেওয়ার প্রক্রিয়া অ্যাকাউন্টের যাচাইকরণ ছাড়া সম্ভব নয়।

কি কি ডকুমেন্টের প্রয়োজন:

- পরিচয় পত্র (এটি পাসপোর্ট, ID অথবা ড্রাইভারের লাইসেন্সও হতে পারে)।
- বাড়ির ঠিকানার প্রমাণ (এই কোম্পানি রেজিস্ট্রেশনের জন্য শুধুমাত্র পাসপোর্ট ফটোই চায় না, বরং তার সাথে ইউটিলিটি বিলো চায়, যার মধ্যে দেশ, শহর, পিন কোড, রাস্তা, বাড়ি অথবা অ্যাপার্টমেন্টের বিশদও থাকে)।


সকল প্রদত্ত ডেটা অবশ্যই সঠিক হতে হবে।

কীভাবে ডকুমেন্ট আপলোড করবেন:

1. দুটি বিকল্পের মধ্যে থেকে ডকুমেন্টের ধরণ নির্বাচন করুন (পরিচয়ের প্রমাণ অথবা বাড়ির ঠিকানা)। যেহেতু উভয় ডকুমেন্টেরই প্রয়োজন, সেহেতু এক এক করে ডাউনলোড করার প্রয়োজন রয়েছে।


2. শুধুমাত্র ল্যাটিন অক্ষরেই নামটি লিখুন।

3. নীচের ফর্মের মাধ্যমে প্রয়োজনীয় ফরম্যাটে ফাইল আপলোড করুন।




সমস্ত ডকুমেন্ট চেক হওয়ার পরে, আপনার অ্যাকাউন্ট যাচাই করা হবে।


# 3. অর্থনৈতিক কার্যকলাপ




নিম্নলিখিত অর্থনৈতিক লেনদেনগুলি আপনার কাছে উপলব্ধ রয়েছে:

- **অর্থ জমা করা** – অ্যাকাউন্ট ব্যালেন্সের সম্পূরণ
- **অর্থ তুলে নেওয়া** – ফান্ড তুলে নেওয়া
- **অভ্যন্তরীণ স্থানান্তর** – আপনার অ্যাকাউন্ট থেকে অন্যতে ফান্ডের অভ্যন্তরীণ স্থানান্তর (যদি আপনার কাছে একটির বেশী অ্যাকাউন্ট থাকে)
- **টার্মিনালে অর্থ জমা করা** – আপনার অ্যাকাউন্ট ব্যালেন্স থেকে আপনার ট্রেডিং অ্যাকাউন্টে অর্থ জমা করা
- **টার্মিনাল থেকে অর্থ তুলে নেওয়া** – একটি ট্রেডিং অ্যাকাউন্ট থেকে অ্যাকাউন্ট ব্যালেন্সে ফান্ড তুলে নেওয়া
- **স্থানান্তর ব্যর্থ হওয়ার নোটিফিকেশন** – এটি স্থানান্তর ব্যর্থ হওয়ার নোটিফিকেশন।
- **অর্থ জমা করার ইতিহাস** – অ্যাকাউন্টে অর্থ জমা করার ইতিহাস দেখুন।
- **অর্থ তুলে নেওয়ার ইতিহাস** – অর্থ তুলে নেওয়ার ইতিহাস দেখুন।

আপনি যখন অর্থনৈতিক লেনদেন-এ যান, উদাহরণস্বরূপ, ফান্ড জমা করা, তখন আপনাকে এই ফর্মটিতে পাঠানো হবে:




উপরের তালিকা অনুযায়ী এই ফর্মে প্রথম ছয়টি কার্যকলাপ একই, শুধুমাত্র পার্থক্য হল যে আপনি ফান্ড জমা করতে চাইছেন না সেটি তুলে নিতে চাইছেন।


লেনদেনের ধরণের বিভাগে, আপনাকে লেনদেনের ধরণ নির্বাচন করতে হবে।

ফান্ড লেনদেন করার ফর্মের বিভাগে, কোথা থেকে ফান্ড স্থানান্তর হবে সেটি আপনাকে নিশ্চিত করতে হবে: এটি লেনদেনের ধরণের উপর নির্ভর করে, এটি অ্যাকাউন্ট থেকে অ্যাকাউন্টে, একটি ট্রেডিং অ্যাকাউন্টে, অথবা একটি ব্যাঙ্ক কার্ডে এবং অন্যান্য পেমেন্ট সিস্টেমে হতে পারে।


ফান্ড স্থানান্তর করার বিভাগে, আপনাকে নিশ্চিত করতে হবে যে কোথায় ফান্ড স্থানান্তর করবেন। উপরের মতোই, এটি ক্যাবিনেটের অ্যাকাউন্ট, একটি ট্রেডিং অ্যাকাউন্ট, অথবা একটি ব্যাঙ্ক কার্ডে এবং অন্যান্য পেমেন্ট সিস্টেমে হতে পারে।

আসুন লেনদেনের ধরণের উদাহরণ দেখে নেওয়া যাক: অর্থ জমা করা


ফর্মটি পূর্ণ করুন, প্রথম ধাপ রূপে নির্দেশিত রয়েছে যে আপনি একটি ব্যাঙ্ক কার্ড থেকে ক্যাবিনেট অ্যাকাউন্টে অর্থ জমা করতে চাইছেন কিনা।




প্রথম ধাপে ডেটা পূরণ করার পরে, আপনাকে দ্বিতীয় ধাপে নিয়ে যাওয়া হবে, সেখানে আপনাকে নির্দেশ করতে হবে আপনার ব্যালেন্সে আপনি কতো টপ আপ করতে চাইছেন এবং ফান্ড যুক্ত করুন বোতামে ক্লিক করুন। তারপরে আপনাকে তৃতীয় ধাপে নিয়ে যাওয়া হবে।





তৃতীয় ধাপে, আপনাকে কার্ডের বিশদ পূরণ করতে হবে। ফর্মটি এখানে ভিন্ন হতে পারে যদি আপনি প্রথম ধাপে আপনার অ্যাকাউন্টে অর্থ জমা করার জন্য ভিন্ন পদ্ধতি বেছে নিয়ে থাকেন।





সকল অন্যান্য অর্থনৈতিক লেনদেনগুলি একই ভাবেই করা হয়ে থাকে, শুধুমাত্র পার্থক্য হল কোথা থেকে এবং কোথায় ফান্ড স্থানান্তর হচ্ছে।


অর্থ জমা করার ইতিহাস এবং তুলে নেওয়ার ইতিহাস সেকোনো সময়ে আপনাকে অর্থ জমা অথবা তুলে নেওয়ার ইতিহাস দেখতে দেয়




# 4. অ্যাকাউন্ট




**আপনার ব্যক্তিগত অ্যাকাউন্ট** পৃষ্ঠাতে আপনি আপনার অ্যাকাউন্টগুলির একটি তালিকা পাবেন। এখানে অনেকগুলি বিকল্প থাকতে পারে, উদাহরণস্বরূপ, ভিন্ন মুদ্রা।




এই পৃষ্ঠাতে, আপনি যেকোনো অ্যাকাউন্টে ফান্ড জমা করতে পারবেন, সেইসাথে একটি ক্যাবিনেটের অ্যাকাউন্ট থেকে একটি ট্রেডিং অ্যাকাউন্টে দ্রুত ফান্ড স্থানান্তর করতে পারবেন।

**আপনার ট্রেডিং অ্যাকাউন্ট** পৃষ্ঠাতে আপনি আপনার সমস্ত ট্রেডিং অ্যাকাউন্টের তালিকা পেয়ে যাবেন। এখানে অনেকগুলি বিকল্প থাকতে পারে, উদাহরণস্বরূপ, ভিন্ন মুদ্রাতে, ভিন্ন লেভারেজের সাথে এবং অন্যান্য ট্রেডিং অবস্থা, আপনি একটির মধ্যে মুদ্রা জুড়ি, এবং অন্যটিতে ক্রিপ্টোকারেন্সি ইন্সট্রুমেন্টগুলি ট্রেড করতে পারবেন।





এই পৃষ্ঠাতে আপনি যেকোনো ট্রেডিং অ্যাকাউন্ট খুঁজতে, অ্যাকাউন্ট থেকে অর্থ তুলে নিতে, নতুন ট্রেডিং অ্যাকাউন্ট খুলতে, এবং ট্রেডিং অ্যাকাউন্ট সম্মন্ধে তথ্য দেখতে পারবেন।

**অতিরিক্ত ট্রেডিং অ্যাকাউন্ট খুলুন** পৃষ্ঠাতে আপনি যেকোনো অতিরিক্ত ট্রেডিং অ্যাকাউন্ট খুলতে পারেন। অ্যাকাউন্ট খোলার পদ্ধতি খুবই সহজ:


অ্যাকাউন্টের ধরণ: প্রদত্ত তালিকা থেকে ট্রেডিং অ্যাকাউন্টের ধরণ বেছে নিন।

লেভারেজ: তালিকা থেকে আপনার প্রয়োজন অনুসারে লেভারেজ নির্দেশ করুন।

স্বয়ংক্রিয়ভাবে পাসওয়ার্ড তৈরি: যদি চেকবক্সে টিক করা থাকে, তাহলে আপনার জন্য অ্যাকাউন্টের পাসওয়ার্ড স্বয়ংক্রিয়ভাবে তৈরি হয়ে যাবে, অথবা যদি চেকবক্সে টিক করা না থাকে, তাহলে আপনাকে আপনার নিজস্ব পাসওয়ার্ড জিজ্ঞাসা করা হবে। একটি ট্রেডিং অ্যাকাউন্ট MT4 টার্মিনালে যুক্ত করার জন্য আপনার এই পাসওয়ার্ডটির প্রয়োজন পড়বে।




সমস্ত বিশদ পূরণ করার পরে এবং পরবর্তী-তে ক্লিক করে, আপনার জন্য ট্রেডিং অ্যাকাউন্টের বিশদযুক্ত একটি পৃষ্ঠা খুলে যাবে।ট্রেডিং-এর সমস্ত বিশদ আপনাকে ইমেইলের মাধ্যমেও পাঠানো হবে।





আপনি যদি আমাদের কোম্পানির সাথে একাধিক ট্রেডিং অ্যাকাউন্ট খুলে থাকেন, সেই ক্ষেত্রে আরও আরামদায়ক কাজকর্মের জন্য মার্জ অ্যাকাউন্ট পৃষ্ঠাতে আপনি এইগুলিকে একত্রিত করতে পারেন।

অর্থনৈতিক বিভাগের যাচাই ছাড়াই একত্রিত করা অ্যাকাউন্টগুলির মধ্যে অভ্যন্তরীন স্থানান্তর করতে পারবেন। যখন একত্রিত করা অ্যাকাউন্ট যাচাই করবেন, অন্যান্য অ্যাকাউন্টগুলি স্বয়ংক্রিয়ভাবেই যাচাই হয়ে যাবে।


ভিসা এবং মাস্টারকার্ডও সেইসাথেই যাচাই হয়ে যাবে যখন সমস্ত অ্যাকাউন্ট একত্রিত হবে।

শুধুমাত্র একই ক্লায়েন্টের অ্যাকাউন্টগুলি একত্রিত করা সম্ভব!


অ্যাকাউন্ট একত্রিত করার জন্য, যে অ্যাকাউন্ট থেকে একত্রিত করতে চাইছেন সেখান থেকে বর্তমান অ্যাকাউন্টে আপনাকে লগইন (ট্রেডিং অ্যাকাউন্ট নম্বর) করতে হবে এবং মার্জ করুন বোতামে ক্লিক করতে হবে।




সহায়তার পক্ষ থেকে অ্যাকাউন্টকে মুলতুবি যাচাইকরণের তালিকাতে যুক্ত করা হবে। আপনি তালিকা থেকে এই অ্যাকাউন্ট অপসারণও করতে পারেন, উদাহরণস্বরূপ, যদি আপনি অ্যাকাউন্ট নম্বরের নাম ভুল লিখে ফেলেন।





## 5. নর্ড এফ এক্স সেভিংস অ্যাকাউন্ট




নর্ড এফ এক্স-এর সেভিংস অ্যাকাউন্টে অর্থ বিনিয়োগ করে আপনি আপনার জমা করা স্টেবলকয়েনের মাধ্যমে প্যাসিভ আয় উপার্জন করতে পারেন। আপনার ফান্ড আপনাকে দৈনিক লাভ প্রদান করবে।


শুরু করার জন্য, আপনাকে একটি USDT সেভিংস অ্যাকাউন্ট (আপনি এই অ্যাকাউন্টেও একই কাজ করতে পারেন – অতিরিক্ত ট্রেডিং অ্যাকাউন্ট খুলুন পৃষ্ঠা থেকে) খুলতে হবে এবং কমপক্ষে 500 USDT-এর মাধ্যমে টপ আপ করতে পারেন।

অর্থ জমা করার জন্য, আপনাকে ফান্ড বিনিয়োগ করুন বোতামে ক্লিক করতে হবে এবং ফর্মে ডেটা পূরণ করতে হবে, যেখানে আপনি কতো অর্থ জমা করতে চাইছেন তার বর্ণনা রয়েছে এবং এগিয়ে যান-এ ক্লিক করুন।




আপনার জমা করা অর্থ ক্রেডিট হয়ে যাবে এবং সেভিংস অ্যাকাউন্টের বিভাগে আমাদের সম্পর্কে তথ্য হোম পৃষ্ঠাতে প্রদর্শিত হবে। আপনি যেকোনো সময়ে এই পৃষ্ঠাতে অর্জিত সুদ, অথবা গৃহীত পেমেন্টের স্টেটমেন্ট পেয়ে যেতে পারেন, যা **স্টেটমেন্ট** বিভাগে উপলব্ধ রয়েছে।

## 6. বিনিয়োগের পণ্যগুলি



বিনিয়োগের পণ্যগুলির বিভাগে, আপনি বিভিন্ন টুল ব্যবহার করে প্যাসিভ আয় উপার্জন করতে পারেন।


আপনার জন্য ইস্যু করা সকল বিনিয়োগের পণ্য [আমার পণ্যগুলি]() বিভাগে উপলব্ধ রয়েছে। নিম্নে এইগুলি সম্মন্ধে পড়ুন।

## 1. বিনিয়োগ

বিনিয়োগ শুরু করার জন্য আপনাকে ফান্ড বিনিয়োগ বিভাগে যেতে হবে।


আপনাকে বিনিয়োগের পণ্যের একটি তালিকা দেখানো হবে যার মধ্যে বিনিয়োগের বিশদ বিবরণ এবং প্রত্যাশিত রিটার্নের বিবরণ রয়েছে।

আপনার পছন্দের পণ্য নির্বাচন করার পরে, বিশদ-এর বোতামে ক্লিক করুন।





এখানে মূল্যের ওঠানামার চার্ট এবং অন্যান্য অবস্থাগুলি সহ, পণ্য সম্মন্ধে আরও বিশদ বিবরণ দেখানো হবে, এটির নীচে বিনিয়োগের একটি বোতাম থাকবে।

আপনি তারপরে একটি ফর্ম দেখতে পাবেন যেখানে আপনি কতো বিনিয়োগ করতে ইচ্ছুক, এবং কতো সময়ের জন্য, বিনিয়োগের চুক্তির সাথে সম্মত রয়েছেন কিনা সেটি নির্দেশ করতে হবে এবং তারপরে ক্রয় করুন বোতামে ক্লিক করুন।




## 2. PAMM অ্যাকাউন্টগুলি।

আপনি যদি স্বতন্ত্র ট্রেডিং-এ নতুন হন, তাহলে একজন অভিজ্ঞ ট্রেডারের মাধ্যমে, আপনি আপনার ফান্ড গচ্ছিত রাখতে পারেন, অথবা ফান্ডের কিছু অংশ ট্রেডিং করতে পারেন। এই পৃষ্ঠাতে আপনি সক্রিয় ট্রেডারদের একটি তালিকা দেখতে পাবেন যারা তাদের ট্রেডিং কৌশলে বিনিয়োগ করার বিকল্প প্রদান করে থাকে। তাদের ট্রেডের পরিসংখ্যান, লাভজনকতার স্তর, সেইসাথে তার কতো বিনিয়োগ করেছে প্রতিটি ট্রেডারে জন্য সমস্ত কিছু বর্ণিত রয়েছে।




| # | Name | Return, % | All Time | Month | Today | Max. Drawdown | Own Funds | Total Funds | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 3 | KennyFXPRO - The Multi 3000 EA | | 80.01% | 2.02% | 0.34% | 42.20% | $ 119.17 | $ 25,359.77 | INVEST |
| 1 | Digvijay | | 52.06% | 2.46% | -0.96% | 48.33% | $ 936.55 | $ 2,536.43 | INVEST |
| 4 | TranquilityFX - The Genesis v3 | | 50.02% | 1.92% | 0.33% | 42.30% | $ 149.16 | $ 12,832.89 | INVEST |
| 169 | KIRAN CT | | 15.23% | 0.00% | 0.00% | 23.50% | $ 115.23 | $ 132.23 | INVEST |
| 2 | Trade and earn | | 14.46% | 2.44% | 0.72% | 8.71% | $ 497.95 | $ 497.95 | INVEST |
| 10 | Bunspiderman | | 9.83% | 0.00% | 0.00% | 61.66% | $ 63.77 | $ 63.77 | INVEST |
| 134 | 1216030 | | 6.57% | 0.00% | 0.00% | 47.10% | $ 2.86 | $ 2.86 | INVEST |
| 193 | TestManager1 | | 3.36% | 0.00% | 0.00% | 0.66% | $ 49.78 | $ 49.78 | INVEST |
| 133 | SH29 | | -9.64% | 0.00% | 0.00% | 16.75% | $ 22.19 | $ 22.19 | INVEST |
| 226 | Megastyle | | -23.24% | -16.30% | 0.00% | 33.38% | $ 229.51 | $ 229.51 | INVEST |


1-10 of 234

« 1 2 3 4 5 6 7 ... 24 »     10 20 50

আপনি যদি বিনিয়োগ করতে চান, আপনাকে তাহলে রেজিস্টার করতে হবে। এটি করার জন্য, এখনই বিনিয়োগ করা শুরু করুন বোতামে ক্লিক করুন।





এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়ার মাধ্যমে এগিয়ে যান: প্রধান বিধি ও শর্তবলী পড়ুন এবং রেজিস্টার করুন-এর ক্লিক করুন





রেজিস্ট্রেশনের পরে, আপনাকে আপনার PAMM অ্যাকাউন্টে বিনিয়োগের জন্য ফান্ড জমা করতে হবে:

- লেনদেনের ধরণ নির্বাচন করুন: টার্মিনালে জমা করুন
- কোথা থেকে স্থানান্তর করবেন: আপনার অ্যাকাউন্ট নির্বাচন করুন
- কোথায় স্থানান্তর করবেন: PAMM ব্যালেন্স নির্বাচন করুন





দ্বিতীয় ধাপে, আপনি যতো পরিমাণ অর্থ বিনিয়োগ করতে চাইছেন সেটি এন্টার করুন এবং এগিয়ে যান–এ ক্লিক করুন।

অর্থ জমা করার পরে, কোন ট্রেডার আপনি যথাযত মনে করছেন সেটি নির্বাচন করার জন্য আপনাকে PAMM বিনিয়োগের [পৃষ্ঠা]–তে নিয়ে যাওয়া হবে এবং তারপরে বিনিয়োগ করুন–এ ক্লিক করুন।





*অনুগ্রহ করে মনে রাখবেন ট্রেডারদের তালিকা অনেক বড় এবং একটি পৃষ্ঠাতেই সীমিত নয়।আপনি প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর পৃষ্ঠাও দেখতে পারেন/ https://account.nordfx.com/account/pamm/?act=faq –এ উত্তর দিতে পারেন*

একজন PAMM ট্রেডার বেছে নেওয়ার পরে, আপনাকে বিনিয়োগের শর্তাবলী পরতে হবে, বিনিয়োগের অর্থ নির্দেশ করতে হবে এবং বিনিয়োগের প্রোগ্রাম নির্বাচন করতে হবে (যা ভিন্ন ট্রেডারের ক্ষেত্রে ভিন্ন হতে পারে)।





আপনি যদি একজন আত্মবিশ্বাসী ট্রেডার হন, আপনার নিজস্ব ট্রেডিং সিস্টেম থাকে, এবং আপনি আত্মবিশ্বাসের সাথে জমা করা অর্থ বাড়াতে পারেন, তাহলে আপনি একজন PAMM ট্রেডার হতে পারবেন এবং ট্রেডিং-এর জন্য অন্যান্য ট্রেডারের থেকে বিনিয়োগ গ্রহণ করতে পারবেন।

আপনি PAMM বিনিয়োগের পৃষ্ঠাতে এক PAMM ট্রেডার হিসাবে রেজিস্টার করতে পারেন।





আপনাকে একটি ফর্ম পূরণ করতে হবে, যার মধ্যে রয়েছে ট্রেডিং অ্যাকাউন্টের নাম, লেভারেজের অর্থ এবং অ্যাকাউন্টের ধরণ।



সফল রেজিস্ট্রেশনের পরে, আপনার জন্য একটি PAMM ট্রেডিং অ্যাকাউন্ট খুলে যাবে। আপনাকে ট্রেডিং-এর জন্য অর্থ জমা করতে হবে এবং তারপরে ট্রেডিং শুরু করতে হবে, লাভের পরিসংখ্যান উপার্জন করতে হবে যার দ্বারা ভবিষ্যতের বিনিয়োগকারীরা পরিচালিত হবে।

## 3. কপি ট্রেডিং





| # | Name | Return, % | All Time | Month | Today | Max. Drawdown | Performance Fee | Investors Equity | Investors | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | tanjungfx | | 444.71% | 444.71% | 26.11% | 39.66% | 30.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 2 | Jhunjhunu | | 3,183.14% | 120.45% | 6.48% | 76.08% | 20.00% | $ 1,208.38 | 33 | COPY TRADES |
| 3 | MAHI MEENA | | 92.23% | 92.23% | -4.86% | 45.83% | 50.00% | $ 2,505.19 | 31 | COPY TRADES |
| 4 | Bull trader | | 183.12% | 58.74% | 0.00% | 22.70% | 50.00% | $ -0.92 | 1 | COPY TRADES |
| 5 | ATFOREXACADEMY ALGO 1 | | 67.41% | 67.41% | 0.00% | 38.37% | 50.00% | $ 6,435.91 | 11 | COPY TRADES |
| 6 | Fxpro2022 | | -31.13% | 80.76% | -0.46% | 71.43% | 30.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 7 | Truefx | | 62.20% | 62.20% | 0.00% | 18.48% | 0.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 8 | MF989923 | | 546.34% | 0.00% | 0.00% | 66.08% | 12.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 9 | Trade and Earn | | -99.57% | 65.38% | 0.00% | 99.87% | 10.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 10 | KennyFXPRO - Prismo 2K | | 306.24% | 3.91% | 0.49% | 66.72% | 30.00% | $ 1,495.78 | 1 | COPY TRADES |



ট্রেড কপি করার প্রক্রিয়া নতুনদের জন্য খুবই কার্যকারী যারা এখনও স্বতন্ত্র ট্রেডিং-কে আয়ত্ত করে ওঠেনি।PAMM বিনিয়োগের সাথে, আপনাকে সক্রিয় ট্রেডারদের একটি তালিকা দিয়ে দেওয়া হয় যারা নর্ড এফ এক্স-এর প্ল্যাটফর্মে ট্রেড করে। এখানে আপনি একজন ট্রেডারের থেকে ট্রেডিং সিগনালগুলি সাবস্ক্রাইব করতে পারেন। সেইক্ষেত্রে, এই ট্রেডার দ্বারা করা সকল ট্রেডিং কার্যকলাপ আপনার ট্রেডিং অ্যাকাউন্টেও হয়ে যাবে।

তাদের ট্রেডের পরিসংখ্যান, তাদের লাভজনকতার স্তর, সেইসাথে বর্তমানে কতজন ভিন্ন ট্রেডার তাদের সিগনাল কপি করছে সেটি প্রতিটি ট্রেডারের জন্যই প্রদর্শিত রয়েছে।

একজন ট্রেডার নির্বাচন করার পরে এবং তাদের ট্রেডিং-এর পরিসংখ্যান পর্যালোচনা করার পরে, তাদের ট্রেডিং সিগনাল কপি করার জন্য কপি ট্রেডার বোতামে ক্লিক করুন।




| # | Name | Return, % | All Time | Month | Today | Max. Drawdown | Performance Fee | Investors Equity | Investors | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | tanjungfx | | 444.71% | 444.71% | 26.11% | 39.66% | 30.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 2 | Jhunjhunu | | 3,183.14% | 120.45% | 6.48% | 76.08% | 20.00% | $ 1,208.38 | 33 | COPY TRADES |
| 3 | MAHI MEENA | | 92.23% | 92.23% | -4.86% | 45.83% | 50.00% | $ 2,505.19 | 31 | COPY TRADES |
| 4 | Bull trader | | 183.12% | 58.74% | 0.00% | 22.70% | 50.00% | $ -0.92 | 1 | COPY TRADES |
| 5 | ATFOREXACADEMY ALGO 1 | | 67.41% | 67.41% | 0.00% | 38.37% | 50.00% | $ 6,435.91 | 11 | COPY TRADES |
| 6 | Fxpro2022 | | -31.17% | 80.66% | -0.52% | 71.43% | 30.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 7 | Truefx | | 62.20% | 62.20% | 0.00% | 18.48% | 0.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 8 | MF989923 | | 546.34% | 0.00% | 0.00% | 66.08% | 12.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 9 | Trade and Earn | | -99.57% | 65.38% | 0.00% | 99.87% | 10.00% | $ 0.00 | 0 | COPY TRADES |
| 10 | KennyFXPRO - Prismo 2K | | 305.56% | 3.74% | 0.32% | 66.72% | 30.00% | $ 1,495.78 | 1 | COPY TRADES |



*অনুগ্রহ করে মনে রাখবেন ট্রেডারদের তালিকা অনেক বড় এবং একটি পৃষ্ঠাতেই সীমিত নয়।আপনি প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর পৃষ্ঠাও দেখতে পারেন। https://account.nordfx.com/account/subscriptions/?act=faq – এ উত্তর দিতে পারেন*

সাবস্ক্রিপশন পৃষ্ঠাতে নিম্নলিখিত তথ্যাদি রয়েছে:


- সিগনালের নাম।

- বিবরণ, যা প্রদর্শিত করে কোন ট্রেডিং ইন্সট্রুমেন্টের ট্রেড করা হচ্ছে।
- ট্রেডারের পুরষ্কারের শতাংশ।
- ট্রেড কপি করা শুরু করার জন্য ব্যালেন্সে ন্যূনতম অর্থ।

আপনাকে একটি ফর্মও পূরণ করতে হবে যার মধ্যে রয়েছে:

- তালিকা থেকে কপি করার ধরণ নির্বাচন
- গুনকের আকার
- লটের ন্যূনতম আকার
- লটের সর্বাধিক আকার
- সর্বাধিক যতো পরিমাণ ক্ষতি আপনি গ্রহণ করতে ইচ্ছুক
- লেভারেজ নির্বাচন
- বিনিয়োগের অর্থের পরিমাণ।

*অনুগ্রহ করে মনে রাখবেন প্রতিটি বিভাগের ব্যাখ্যা বর্ণিত রয়েছে, আপনি প্রশ্নসূচক চিহ্ন-তে ক্লিক করে বিশদ তথ্য পেতে পারেন।*





আপনি যেসকল সিগনাল সাবস্ক্রাইব করেছেন সেইগুলি আমার সাবস্ক্রিপশন পৃষ্ঠাতে রয়েছে।

আপনি নিজেও ট্রেডিং সিগনালের প্রদানকারী হতে পারেন, তার জন্য আমার সিগনাল পৃষ্ঠাতে আপনাকে আপনার ট্রেডিং সিগনালগুলিকে রেজিস্টার করতে হবে। নতুন সিগনাল তৈরি করুন-এ ক্লিক করুন এবং নিম্নের বিশদ সহ ফর্মটি পূরণ করুন:

- সিগনালের নাম
- বর্ণনা
- আপনার কর্মক্ষমতার ফি
- আপনার সিগনালগুলিতে ট্রেড করার জন্য ন্যূনতম ব্যালেন্স
- লেভারেজ নির্বাচন
- আপনি নিজেই একটি পাসওয়ার্ড তৈরি করতে পারেন, অথবা এটি স্বয়ংক্রিয়ভাবেই তৈরি হয়ে যাবে, শর্তাবলীর সাথে সম্মত হোন এবং তৈরি করুন-এ ক্লিক করু।

*অনুগ্রহ করে মনে রাখবেন প্রতিটি বিভাগের ব্যাখ্যা বর্ণিত রয়েছে, আপনি প্রশ্নসূচক চিহ্ন-তে ক্লিক করে বিশদ তথ্য পেতে পারেন।*





সফলভাবে একটি ট্রেডিং সিগনালে রেজিস্টার করার পরে, আপনাকে ট্রেডিং-এর জন্য অর্থ জমা করতে হবে এবং ট্রেডিং শুরু করুন,লাভের পরিসংখ্যান উপার্জন করতে হবে যার দ্বারা ভবিষ্যতের বিনিয়োগকারীরা পরিচালিত হবে।

আপনি অনেকগুলি ট্রেডিং সিগনাল তৈরি করতে পারেন। আপনি [আমার সিগনালগুলি] পৃষ্ঠাতে সেইগুলি পরিচালনা করতে পারেন (সম্পাদনা করা, অথবা সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া)।


4. **সেভিংস অ্যাকাউন্ট**: আমরা আগেই সেভিংস অ্যাকাউন্ট সম্মন্ধে আলোচনা করেছি।

# 7. অ্যাফিলিয়েট প্রোগ্রাম




নর্ড এফ এক্স-এর অ্যাফিলিয়েট প্রোগ্রাম আপনাকে সক্রিয় ট্রেডারদের ওয়েবসাইটে বিশেষ লিংক ব্যবহার করে আমন্ত্রণ জানিয়ে উপার্জন করতে সক্ষম করে।

প্রোগ্রামের পৃষ্ঠাতে এই প্রোগ্রাম সম্মন্ধে বিশদ বিবরণ রয়েছে, সেইসাথে রয়েছে একটি ক্যালকুলেটর যা আপনাকে একটি নির্দিষ্ট সংখ্যার সক্রিয় ট্রেডিং ক্লায়েন্টদের আমন্ত্রণ জানিয়ে কতো উপার্জন করতে পারেন তার বিবরণ প্রদর্শন করে।





এই প্রোগ্রামে অংশগ্রহণ করার জন্য, আপনাকে [রেজিস্ট্রেশন] প্রক্রিয়ার সম্পূর্ণ করতে হবে।

- অংশীদারীর চুক্তি এবং তার শর্তাবলীপড়ুন
- ওয়েবসাইটের ঠিকানা নির্দেশ করুন যেখান থেকে আপনি অ্যাফিলিয়েটের ট্রাফিকের পরিচালনা করবেন।
- কোন বিজ্ঞাপনের পদ্ধতি ব্যবহার করবেন সেটির নির্দেশ দিন এবং পরিমিতির জন্য ফর্ম সাবমিট করুন।





অ্যাফিলিয়েট প্রোগ্রামে অংশগ্রহণ করার জন্য আপনার আবেদন 24 ঘন্টার মধ্যে আমাদের সহায়তার দল দ্বারা পর্যালোচনা করা হবে।

অ্যাফিলিয়েট প্রোগ্রামের পৃষ্ঠাতে একটি আবেদন সাবমিট করার পরে, আপনার জন্য বিজ্ঞাপনের উপাদান সেইসাথে আপনার ব্যক্তিগত অ্যাফিলিয়েট লিঙ্ক উপলব্ধ হয়ে যাবে।উপাদানগুলি লিঙ্ক, ব্যানার, ল্যান্ডিং পেজ কোড, ভিডিও ফ্রেম-এর আকারে উপলব্ধ হবে। সকল ধরণের কন্টেন্টের জন্য, আপনি ডিসপ্লে-এর ভাষা, বিজ্ঞাপনের উপাদানের আকার, এবং আপনার ওয়াবসাইট ডিজাইনের জন্য সফলভাবে উপকরণ এম্বেডিং-এর জন্য অন্যান্য বিকল্পগুলিকে নির্বাচন করতে পারবেন।




*সহায়তার থেকে অনুমতি ছাড়া কোনো বিজ্ঞাপনের উপকরণ ব্যবহার করবেন না: এই ট্রাফিক আপনার দিকে নাও যেতে পারে।*

আপনার অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের হোম পৃষ্ঠাতে আপনার লিঙ্কগুলির মাধ্যমে গৃহীত ট্রাফিকের একটি সারসংক্ষেপের অ্যাক্সেস আপনার কাছে থাকবে।




**রিপোর্ট** বিভাগে, আপনি আপনার ক্লায়েন্টের রেজিস্টার করা অ্যাকাউন্টের বিভিন্ন রিপোর্টগুলি দেখতে পাবেন।

**তথ্য** বিভাগে, প্রতিটি ট্রেডিং ইন্সট্রুমেন্টের জন্য আপনি আপনার কমিশনের পরিমাণ দেখতে পাবেন।

*আপনি প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলীর পৃষ্ঠাও দেখতে পারেন/ [https://account.nordfx.com/account/partners/?action=have_a_question](https://account.nordfx.com/account/partners/?action=have_a_question) –এ উত্তর দিতে পারেন*

# 8. রেফারেন্স


রেফারেন্স বিভাগের পৃষ্ঠাতে, আপনি ট্রেনিং-এর উপকরণ দেখতে পাবেন।

নতুনদের জন্য এই বিভাগে অনেক প্রয়োজনীয় তথ্য রয়েছে যারা ফরেক্স বাজারের সাথে পরিচিত হচ্ছেন, সেইসাথে কীভাবে সঠিক পথে শুরু করবেন সেই সম্মন্ধেও তথ্য রয়েছে।

অ্যাডভান্স বিভাগে প্রচুর পরিমাণ টিউটোরিয়াল রয়েছে। কিন্তু এইগুলি অ্যাক্সেস শুধুমাত্র তাদের কাছেই রয়েছে তারা কমপক্ষে $50 জমা করেছেন।



# 9. Meta Trader 4-এর ডকুমেন্টেশন





এই পৃষ্ঠা থেকে আপনি PC (উইন্ডোজ)-তে, অথবা IOS অথবা অ্যান্ড্রয়েড সিস্টেমের স্মার্ট ডিভাইসে MT4 ট্রেডিং টার্মিনাল ডাউনলোড করতে পারবেন।

আপনি MT4 ট্রেডিং টার্মিনালের জন্য প্রধান ডকুমেন্টেশন PDF ফরম্যাটেও ডাউনলোড করতে পারবেন।

# 10. সহায়তা

আপনি টিকিট সিস্টেমের মাধ্যমে সহায়তার কাছে অনুরোধ করতে পারবেন: এই পৃষ্ঠাতে নতুন টিকিট যুক্ত করুন।

- নিম্নলিখিতের মাধ্যমে ফর্মটি পূরণ করুন:
- আপনি কোন বিভাগে ম্যাসেজ পাঠাতে চাইছেন সেটির নির্বাচন করুন
- আপনার ম্যাসেজের বিষয় নির্দিষ্ট করুন
- বিশদে আপনার অসুবিধার বিবরণ দিন এবং টিকিট ওপেন করুন–এ ক্লিক করুন।




আপনার সমস্ত টিকিটের একটি তালিকা টিকিটের পৃষ্ঠার প্রধান স্ক্রীন–এ প্রদর্শিত হবে। আপনি আপনার টিকিটের স্ট্যাটাস দেখতে পারবেন এবং সেখানেই প্রযুক্তিগত সহায়তা পরিষেবা সাথে যোগাযোগও করতে পারবেন।

